" শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি

**জগন্নাথপুর, ঠাকুরগাও।**

## -ঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ-

০১. নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে ।

| দরপত্র নং | ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহন | খোলার সময়সূচী ও স্থান | দরপত্র দলিলের মুল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০৩/১৭-১৮ | কম্পিউটার বিদ্যুৎ বিল ফর্ম, বকেয়া ও বিল পরিশোধের প্রত্যয়ন পত্র | ২২/০৮/২০১৭ ইং তারিখ রোজ মঙ্গলবার হতে ১১/০৯/২০১৭ ইং তারিখ সোমবার । | ১২/০৯/২০১৭ইং রোজ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। | ১২/০৯/১৭ ইং তারিখ রোজ মঙ্গলবার ১২.৩০ ঘটিকা। দরপত্র খোলার স্থান ঃ (ক) পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)বাপবিবো,ঢাকা। (খ) ঠাকুরগাও পবিস এর সদর দপ্তর। | ৫০০/- | ৪০,০০০/- |
| ০৪/১৭-১৮ | প্রিন্টিং মালামাল | | | | ৫০০/- | ২৫,০০০/- |
| ০৫/১৭-১৮ | ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল | | | | ৫০০/- | ৩০,০০০/- |
| ০৬/১৭-১৮ | ষ্টেশনারী মালামাল | | | | ৫০০/- | ২২,০০০/- |

০২. আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০৩. আগ্রহী দরদাতাগন ঠাকুরগাও পবিস- এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে উপরে বর্ণিত ছকের কলাম ৬-এ উল্লিখিত টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ঠাকুরগাও পবিস -এর জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি ,সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাও / পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ )পরিদপ্তর, বাপবিবো,সদর দপ্তর ভবন,(৯ম তলা),জোয়ার সাহারা,খিলক্ষেত,ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/ কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৪. উপরে বর্ণিত তারিখে ও নির্ধারিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে/ ডাকযোগে/ কুরিয়ারযোগে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর ,জগন্নাথপুর, ঠাকুরগাও/ পরিচালক,পবিস ব্যঃ ও পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর (৯মতলা) জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। প্রতি গ্রুপের দরপত্রে উপরে বর্ণিত ছকের কলাম ৭-এ উল্লিখিত নির্দিষ্ট পরিমান দরপত্র জামানত যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র কলাম-৫ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫. দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন (হালসন) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬. মালামাল সরবরাহের পর বিল দাখিল স্বাপেক্ষে ডিডি /একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরবরাহকারীকে সরাসরি বিল পরিশোধ করা হবে।

০৭. দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জনাতে হবে।

০৮. ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার অধিকার সংরক্ষন করে।

০৯. উল্লিখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১০. কোন কারনে উল্লিখিত কার্যদিবস সমূহে যদি সরকারী ছুটি ঘোষনা করা হয়, তবে পরবর্তী কার্যদিবসে বর্ণিত কার্যাদি সম্পন্ন করা যাবে।

**জেনারেল ম্যানেজার**

**ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি**